

## ‘ফিরে যেতে চাই স্বর্ণগ্রাম’

-মাকসুদা আইরিন মুকুল, ডেনভার, কলোরাডো

এখন দুপুরবেলা। অনেকদূরে পাহাড়ের মাথায় মাথায় খাঁজে খাঁজে রূপালি চাঁদের মত বরফ জমে আছে। মাথার উপর নীল আকাশ। গভীর নীল। মা’র একটা এমন রংয়ের শাড়ি ছিল। মার কথা মনে হলেই মনে পড়ে দেশের কথা। প্রিয় দেশ, প্রিয় স্বদেশভূমি।

মাত্র দুবছর হল দেশ ছেড়েছি। সেইসাথে ফেলে এসেছি আনন্দ-বেদনায় মাখামাখি অজস্র স্মৃতি। কতদিন রিমঝিম সুরে বৃষ্টির কলতান শুনি না। আর বৃষ্টিশেষে প্রাণভরে উপভোগ করিনা মাটির সোঁদা গন্ধ।

এখানকার সবকিছুই কেমন যান্ত্রিক মনে হয়। কোথাও কোন টান নেই, মায়া নেই। করতে হচ্ছে বলেই সবকিছু করে যাওয়া। চারপাশের সৌন্দর্য যখন চেয়ে দেখি তা কেবলই চোখ ছুঁয়ে যায়- মনকে স্পর্শ করে না। প্রায়ই ভাবি কেন এমন হয়। পরক্ষণেই মনের ভেতর থেকে কেউ বলে উঠে- ‘এর কোনকিছুই যে তোমার নয়, এসবের কোনটার ভেতর দিয়েই তোমার অস্তিত্ব বেড়ে ওঠেনি।’ আর তখনই আমি দুচোখ বন্ধ করে আমার অস্তিত্বের স্বাদ নেই, আমার মনভরে বেজে ওঠে সেই চেনাসুর-

‘আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি  
জন্ম দিয়েছো মা তুমি, তাই বড় ভালোবাসি’

আমি যখন গাড়ী করে বাইরে বেরোই আমার চোখের সামনে ভেসে ওঠে রিকশা করে সাতমসজিদ রোড বা ধানমন্ডিতে ঘুরে বেড়ানো। চোখ বন্ধ করলেই দেখতে পাই শ্লোগান মুখর বিশ্ববিদ্যালয় চত্বর, টি, এস, সি, মধুর কেন্দ্রিন আর লাইব্রেরীর সামনের মাঠের আড্ডা, কোলাহল।

আহা আড্ডা! কতদিন আড্ডা দেইনা। এরচেয়ে স্বাস্থ্যকর বিষয় আর কি থাকতে পারে। এখানে এর বড়ই অভাব। পাবলিক লাইব্রেরীতে নাটক দেখা, নিউমার্কেটের ফুচকা, চটপটির স্বাদ, পহেলা বৈশাখে নতুন কাপড় পরে কাকডাকা ভোরে রমনার বটমূলে নতুন বছরকে স্বাগত জানানো, ফেব্রুয়ারীর বইমেলায় কাব্যমুখর দিনগুলো কিছুতেই ভুলতে পারি না।

একবার আমরা কজন বন্ধু মিলে নৌভ্রমণে মুনসিগঞ্জ গিয়েছিলাম। সারাদিন আড্ডা, আনন্দ আর নদীতে চরে বেড়ানো- কী যে আনন্দময় সে স্মৃতি!

জানালায় কাঁচ দিয়ে যখন ইউনিভার্সিটি বুলেভার্ডের দিকে তাকাই, চোখের সামনে এসে যায় গাড়ীর বদলে রিক্সা-বেবী ট্যাক্সির জ্যাম, কানে বাজে রিক্সার টুং-টাং বেল, ভেসে আসে মাইকের আওয়াজ- ‘অমুক ভাইয়ের সমাবেশে যোগ দিন, দিতে হবে।’

আমার নিজের একটি দেশ, নিজস্ব সংস্কৃতির শিকড় আছে বলেই তৈরি হয়েছে এসব মধুর স্মৃতি- যা আজ এই সুদূর প্রবাসেও আমাকে বার বার টেনে নিয়ে যায় আমার ভালবাসার সেই স্বর্ণগ্রামে। আর তাই গভীর শ্রদ্ধাভরে স্মরণ করি সেইসব বীর জনতাকে যাদের সংগ্রাম আর আত্মত্যাগে রঙিন আমার স্বর্ণগ্রামের লাল-সবুজ নিশান।